

স্কুলে ভর্তি ফি নির্ধারণ করে দিয়েছে বরিশাল শিক্ষা বোর্ড

■ বরিশাল অফিস
বেসরকারি স্কুলে অতিরিক্ত ভর্তি ফি
আদায়ের বিরুদ্ধে কঠোর অবস্থান
নিয়োগে বরিশাল শিক্ষা বোর্ড। এ
ব্যাপারে বোর্ড চেয়ারম্যান বিভাগের
১৬৬৭টি স্কুল প্রধানের কাছে কঠোর
নির্দেশনা পাঠিয়েছেন। বহুসংখ্যক
ওফিসে বিভিন্ন বেসরকারি স্কুলে
অতিরিক্ত ভর্তি ফি আদায়ের অভিযোগ
ওঠে। সংবাদপত্রে এ সংক্রান্ত
প্রতিবেদন দেখে বুধবার বোর্ড
চেয়ারম্যান এ ব্যাপারে কড়াকড়ি
নির্দেশনা দেন।

মেট্রোপলিটন এলাকার স্কুলে
ভর্তিতে সর্বোচ্চ ৩ হাজার, জেলার
পৌর শহরের স্কুলে ২ হাজার,
উপজেলা শহরে ১ হাজার এবং
মফস্বলের স্কুলে সর্বোচ্চ ৫০০ টাকা
নির্ধারণ করা হয়েছে। বোর্ড
চেয়ারম্যান প্রফেসর ড. বিমল কুমার
মন্ডল জানান, এরপরও কোন স্কুলে
অতিরিক্ত ভর্তি ফি আদায় করা হলে
তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।
বিষয়টি তদারকির জন্য কমিটি গঠন
করা হয়েছে। ইতিমধ্যে অতিরিক্ত ফি
আদায়কারী স্কুল কর্তৃপক্ষকে সরাসরি
শিক্ষাবিদদের সাথে সমন্বয় করে সমস্যা
জানাতে কলা হয়েছে।